

# যুগান্তর

প্রিন্ট: ২১ এপ্রিল ২০২৬, ০১:০২ পিএম

সারাদেশ

যশোর বোর্ডে এসএসসি

বিশেষ চাহিদাসম্পন্ন ১৪৪ পরীক্ষার্থী অতিরিক্ত  
সময়-শ্রুতিলেখক পাবেন

Advertisement



যশোর ব্যুরো

প্রকাশ: ২০ এপ্রিল ২০২৬, ১০:৩২ পিএম



যশোর শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৩৫ হাজার ৮৯ জন। এর মধ্যে বিশেষ চাহিদাসম্পন্ন ১৪৪ পরীক্ষার্থী অতিরিক্ত ৪৫ মিনিট সময় ও শ্রুতিলেখক পাবে। আগামীকাল ২১ এপ্রিল থেকে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে।

এই ১৪৪ পরীক্ষার্থীর মধ্যে ১২২ জন শুধুমাত্র অতিরিক্ত ৪৫ মিনিট সময় পাবে। আর ২২ জন শ্রুতিলেখকসহ অতিরিক্ত ৪৫ মিনিট সময় পাবে।

বিষয়টি নিশ্চিত করেন শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. আব্দুল মতিন।

পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. আব্দুল মতিন জানিয়েছেন, প্রতিটি বিষয়ের পরীক্ষা সম্পন্নের জন্য নির্ধারিত সময় ৩ ঘণ্টা। ৩ ঘণ্টার পরীক্ষায় বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের অতিরিক্ত ৪৫ মিনিট সময় দেওয়ার আইন আছে। সাধারণ শিক্ষার্থীদের তুলনায় বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীরা প্রতি ঘণ্টায় অতিরিক্ত ১৫ মিনিট পাবে। যেসব শিক্ষার্থীরা শারীরিকভাবে অক্ষম অর্থাৎ যারা লিখতে পারে না, তারা শ্রুতিলেখকও পাবে।

তিনি বলেন, যশোর শিক্ষা বোর্ডে এ বছর দুই ক্যাটাগরিতে বিশেষ সুবিধা পাওয়ার জন্য ১৪৪ জন শিক্ষার্থী আবেদন করেছে। তার মধ্যে ১২২ জন অতিরিক্ত সময় চেয়েছে। আর ২২ জন অতিরিক্ত সময়সহ শ্রুতিলেখক পাওয়ার আবেদন করেছে। পরীক্ষা কমিটির পক্ষ থেকে আবেদনগুলো যাচাই-বাছাই করে ১৪৪ জন শিক্ষার্থীকেই তাদের চাহিত সুবিধা দেওয়া হচ্ছে।